



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/ময়মন/২০১৯/১০৩২

তারিখঃ ১২/০৫/১৯

বিষয় : বিদ্যালয়ের এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : তার ২৬/১২/২০১৮ তারিখের আবেদন।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা এসআরও নং-৯৯/আইন/২০০৯-এর ৩৯(১) নং ধারা অনুযায়ী নিম্নলিখিত সদস্যবৃন্দ সমন্বয়ে গঠিত নূরুল আমিন খান উচ্চ বিদ্যালয়ের এডহক কমিটি পত্র ইস্যুর তারিখ থেকে ৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে। এ মেয়াদ কালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৪/২০১১ তারিখের শিম/শাঃ১১/১০-১১/২০০৯/১৭১ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯” এর ৪১(২) (খ)৪ অনুযায়ী ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি- কে শিক্ষক-কর্মচারী নিয়োগের যে ক্ষমতা দেয়া হয়েছে তা কেবল মাত্র নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির মাধ্যমে সম্পন্ন করতে হবে। কোনক্রমেই এডহক বা বিশেষ ধরনের কমিটি/গভর্নিং বডির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না। উল্লেখ্য, এ কমিটির মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হলে বিদ্যালয়ের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদী বন্ধ করা হবে।

১। উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি	বোর্ড কর্তৃক মনোনীত
২। জনাব মোঃ আব্দুস সালাম	অভিভাবক সদস্য	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত স্মারক নং- ৮৭১ তারিখঃ ২০/১২/২০১৮
৩। জনাব মোঃ আব্দুল হালিম	শিক্ষক প্রতিনিধি	জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত স্মারক নং- ৯৬২ তারিখঃ ২৩/১২/২০১৮
৪। প্রধান শিক্ষক	সদস্য সচিব	পদাধিকার বলে

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক : প্রধান শিক্ষক
নূরুল আমিন খান উচ্চ বিদ্যালয়
(EIN-111667)
গৌরীপুর, ময়মনসিংহ।



12.5.19
(ড. মোঃ দিদারুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং ১০৩২(৪)

তারিখঃ ১২/০৫/১৯

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. সভাপতি, এডহক কমিটি, নূরুল আমিন খান উচ্চ বিদ্যালয়।
৪. অফিস কপি।


12.5.19
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।